দৈনিক বাংলা

01

তারিখ ... 04 JAN 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১

২৮/

# কাল মেডিক্যাল ও ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষাঃ ১৩০০ আসনে ১০ হাজার প্রার্থী

।।সুমন মোদক।।

দেশের মেডিক্যাল কলেজ ও ডেন্টাল কলেজ সমূহের চলতি শিক্ষাবর্ষ (১৯৮৯–৯০) এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা আগামী কাল শুক্রবার অনুষ্ঠিত হবে। মোট ১২৯৫টি আসনের জন্য প্রার্থী রয়েছে দশ হাজার ৪৪ জন। গত শিক্ষাবর্ষে মেডিক্যাল কলেজ সমূহের ১২০০ আসনের জন্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেছিলেন প্রায় ১১ হাজার ৮'শ প্রার্থী।

চলতি শিক্ষাবর্ষে মোট ১২৯৫টি আসনের মধ্যে এমবিবিএস কোর্সের জন্য ১২০০ এবং বিডিএস কোর্সের জন্য ৯৫টি আসন রয়েছে। উল্লেখ্য, চলতি শিক্ষাবর্ষে প্রথম বারের মত একসাথে একই প্রশ্নপত্রের মাধ্যমে এমবিবিএস ও বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিগত শিক্ষাবর্ষ গুলোতে দু'টি কোর্সে পৃথক পৃথক ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হত।

এমবিবিএস কোর্সের ১২০০ আসনের মধ্যে প্রতিটি মেডিক্যাল কলেজে ১৫০টি করে আসন রয়েছে।

( শেষ পৃঃ ৩–এর কঃ দ্রঃ )

## ১০ হাজার প্রার্থী

( প্রথম পৃঃ পর )

তা ছাড়া বাংলাদেশীয় উপজাতীদের জন্য ১৬টি ও বিদেশী ছাত্র/ছাত্রীদের জন্য ৫৫টি সংরক্ষিত আসন রয়েছে। এগুলো এমবিবিএস কোর্সের ১২০০ আসনের অতিরিক্ত।

বিডিএস কোর্সের মোট ৯৫টি আসনের মধ্যে ঢাকা ডেন্টাল কলেজে ৫৫, চট্টগ্রাম ডেন্টাল কলেজে ২০ ও রাজশাহী ডেন্টাল কলেজে ২০টি আসন রয়েছে। তা ছাড়া ঢাকা ডেন্টাল কলেজে বিদেশী ছাত্রদের জন্য অতিরিক্ত ৫টি আসন বরাদ্দ রয়েছে। উপজাতীয় ছাত্রদের জন্য একটি আসন সংরক্ষিত আছে যা ৫৫টি আসনের অন্তর্ভুক্ত।

চট্টগ্রাম ডেন্টাল করেজ ও রাজশাহী ডেন্টাল কলেজ চলতি শিক্ষাবর্ষ হতে চালু করা হয়েছে যা সংশ্লিষ্ট মেডিক্যাল কলেজের সঙ্গে সংযুক্ত।

এমবিবিএস ও বিডিএস কোর্সের মোট ১২৯৫টি আসনের জন্য ঢাকা মেডিক্যাল কলেজে ৩৩৪২, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজে ২৮১১, চট্টগ্রাম মেডিক্যাল কলেজে ১২৫৭, রাজশাহী মেডিক্যাল কলেজ ৯৮৭, ময়মনসিং মেডিক্যাল কলেজে ৫৬৫, রংপুর মেডিক্যাল কলেজে ৫৫৬, শেরে বাংলা মেডিক্যাল কলেজ (বরিশাল)–এ ২৪৮, এমএজি ওস–মানী মেডিক্যাল কলেজ (সিলেট)–এ ১৭৪ এবং ঢাকা ডেন্টাল কলেজে ১০৪ জন প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে। পরীক্ষা শুরু হবে সকাল ৯টায়।

যে সব প্রার্থী ঢাকা মেডিক্যাল, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল ও ঢাকা ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষার জন্য আবেদন পত্র জমা দিয়েছে তাদের মধ্যে সব ছাত্রদের পরীক্ষা অনুষ্ঠিত হবে ঢাকা কলেজে। স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজে আবেদন পত্র জমাদানকারী ছাত্রদের পরীক্ষা অনুষ্ঠিত হবে ঢাকা সিটি কলেজে। ঢাকা মেডিক্যাল ও ঢাকা ডেন্টাল কলেজে আবেদনপত্র জমাদানকারী ছাত্রদের পরীক্ষা অনুষ্ঠিত হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনে।

শুধু মাত্র ১৫০ নম্বরের লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এমবিবিএস ও বিডিএস কোর্সে ছাত্র–ছাত্রী ভর্তির জন্য সম্পূর্ণভাবে নির্বাচন করা হবে। এ ক্ষেত্রে তাদের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের কোন গুরুত্ব থাকবে না বা দেয়া হবে না। তবে ভর্তি পরীক্ষায় সমান সমান নম্বর প্রাপ্ত হলে এসএসসি ও এইচএসসি–তে প্রাপ্ত নম্বর ও এইচএসসি পরীক্ষায় জীব–বিদ্যাতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে পর্যায় ক্রমে মেধা নির্ধারণ করা হবে।

পরীক্ষায় প্রশ্নপত্র হবে এমসিকিউ পদ্ধতিতে।

এমবিবিএস কোর্সের ১২০০ আসনের মধ্যে ৮০০ আসন জাতীয় মেধা ভিত্তিতে এবং বাকী ৪০০ আসন জেলা কোটায় বন্টন করে মেধা ভিত্তিতে পূরণ করা হবে।

বিডিএস কোর্সে ৬৫টি আসন জাতীয় মেধা ভিত্তিতে এবং ৩০টি আসন জনসংখ্যার ভিত্তিতে ৪ বিভাগের মধ্যে মেধা ভিত্তিতে বন্টন করা হবে।

ভর্তি সংক্রান্ত ব্যাপারে কেবল–মাত্র একবারেই মেডিক্যাল কলেজের জন্য ৩০০ এবং ডেন্টাল কলেজের জন্য ৫০ জনের মেধা ভিত্তিক ওয়েটিং লিষ্ট বা অপেক্ষমান তালিকা প্রণয়ন করা হবে।

প্রথম বর্ষে অধ্যয়নরত ছাত্র–ছাত্রীদের এক মেডিক্যাল/ডেন্টাল হতে অন্য মেডিক্যাল/ ডেন্টাল কলেজে অভিপ্রায়ণের জন্য অপেক্ষমান তালিকা হতে ভর্তির পূর্বে একবার মাত্র সুযোগ দেয়া হবে। এ উদ্দেশ্যে যথা সময়ে অধ্যক্ষগণ দরখাস্ত আহ–বানকরবেন।

ছাত্র–ছাত্রী নিবাসে প্রয়োজনীয় সংখ্যক সিটের অপ্রতুলতায় ছাত্র–ছাত্রী নিজেদেরকেই আবাসিক ব্যবস্থা করতে হবে।

ইন্টারনীশিপ প্রশিক্ষণ সমাপনের পরে তাদের সরকারী চাকরি দেয়ার কোন নিশ্চয়তা দেয়া যাবে না।